গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
হাতীবান্ধা, লালমনিরহাট।
www.hatibandha.lalmonirhat.gov.bd

| | | |
|---|---|---|
| বিষয় | : | উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির জুলাই/২০২৬ মাসের সভার কার্যবিবরণী |
| মুখ্য উপদেষ্টা | | জনাব মোঃ হাসান রাজীব প্রধান, মাননীয় সংসদ সদস্য, ১৬ লালমনিরহাট-১<br>এবং মুখ্য উপদেষ্টা, উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি, হাতীবান্ধা, লালমনিরহাট। |
| সভাপতি | : | দীপ জন মিত্র<br>উপজেলা নির্বাহী অফিসার, হাতীবান্ধা, লালমনিরহাট। |
| তারিখ | : | ৩০/০৭/২০২৬ খ্রি. |
| সময় | : | সকাল ১০:৩০ ঘটিকা |
| সভার স্থান | : | উপজেলা পরিষদ সভা কক্ষ, হাতীবান্ধা, লালমনিরহাট। |

উপস্থিতি : সভায় উপস্থিত সদস্যবৃন্দ পরিশিষ্ট-"ক"তে দেখানো হলো।

সভার শুরুতেই মুখ্য উপদেষ্টা উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভাপতিকে সভার কার্যক্রম শুরু করার আহবান জানান। অত:পর গত ২৯/০৬/২০২৬ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। কার্যবিবরণীতে কোনো সংশোধনী প্রস্তাব না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়।

**০১. সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি এবং সংঘটিত অপরাধ পর্যালোচনা:**

সভায় অফিসার ইনচার্জ, হাতীবান্ধা থানা, লালমনিরহাট মে ২০২৬ এবং জুন ২০২৬ মাসের তুলনামূলক অপরাধ চিত্র তুলে ধরেন।

| মাসের নাম/ সন | ডাকাতি | দস্যুতা | খুন | দাঙ্গা | ধর্ষণ | নারী নির্যাতন | অপহরণ | সিঁধেল চুরি | গরু চুরি | অন্যান্য চুরি | মাদকদ্রব্য | চোরাচালান | অন্যান্য | মোট |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| জুন/২০২৬ | ০০ | ০০ | ০১ | ০০ | ০০ | ০৯ | ০৪ | ০১ | ০০ | ০৫ | ০৭ | ০০ | ১৯ | ৪৬ |
| মে/২০২৬ | ০০ | ০০ | ০১ | ০০ | ০০ | ০১ | ০২ | ০৪ | ০০ | ০২ | ২৬ | ০০ | ১৪ | ৫০ |

উপজেলার বর্ণিত অপরাধ চিত্র পর্যালোচনা এবং সার্বিক আইন-শৃঙ্খলাসহ সংঘটিত অপরাধ সম্পর্কে আলোচনা করা হয়। অফিসার ইনচার্জ, হাতীবান্ধা থানা মাদকসহ আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে সকলের সহযোগিতা প্রত্যাশা করা হয়। এছাড়া অপরাধ নিয়ন্ত্রণে গণ্যমান্য ব্যক্তিবর্গ ও জনপ্রতিনিধিসহ সংশ্লিষ্ট সকলের আন্তরিকতার সাথে সহযোগিতা করেন। একই সাথে অপরাধ প্রতিরোধ অভিযান অব্যাহত রাখার জন্য হাতীবান্ধা থানাকে প্রয়োজনীয় পরামর্শ প্রদানের আহবান জানান।

**পরিচালিত মোবাইল কোর্টের তথ্যঃ**

| মাসের নাম | পরিচালিত মোবাইল কোর্টের সংখ্যা | মামলার সংখ্যা | দন্ডিত ব্যাক্তির সংখ্যা | অর্থদন্ড পরিমাণ | কারাদন্ড |
|---|---|---|---|---|---|
| জুন/২০২৬ | ০৪ টি | ১৫ টি | ১৫ জন | ২৫,৫০০/- | ০০ |
| মে/২০২৬ | ০৭ টি | ২৪ টি | ২৪ জন | ৯১,৩০০/- | ০৩ জন |

**গৃহীত সিদ্ধান্তঃ**

১। উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার লক্ষ্যে জনগণের জানমালের নিরাপত্তা নিশ্চিত করতে এবং চুরি, ছিনতাই, ডাকাতিসহ অন্যান্য অপরাধ নিয়ন্ত্রণে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী কর্তৃক নিয়মিত টহল, চেকপোস্ট তল্লাশি ও গোয়েন্দা নজরদারি জোরদার করতে হবে।

২। মামলার তদন্ত প্রতিবেদন নির্ধারিত তারিখের পূর্বে দাখিল করতে হবে।

৩। গ্রামীণ হাট-বাজারের দোকানপাটসমূহ গভীর রাত পর্যন্ত খোলা না থাকে এবিষয়ে ইউপি চেয়ারম্যান/প্রশাসকগণ স্থানীয় ব্যবসায়ীগণের সাথে আলোচনাক্রমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

বাস্তবায়নকারীঃ

১। অফিসার ইনচার্জ, হাতীবান্ধা থানা, লালমনিরহাট,

২। চেয়ারম্যান/প্রশাসক, ইউনিয়ন পরিষদ (সকল), হাতীবান্ধা, লালমনিরহাট।

| আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| **০২। মাদক, চুরি, অনলাইন জুয়া, চোরাচালানসহ সামাজিক অপরাধ নিরসন সংক্রান্ত আলোচনা:**<br>সভায় উপস্থিত সদস্যবৃন্দ জানান যে, মাদক, চুরি, অনলাইন জুয়া এবং চোরাচালানের মতো সামাজিক অপরাধ নিরসনে আইন প্রয়োগের পাশাপাশি সমন্বিত সামাজিক প্রতিরোধ গড়ে তোলা সবচেয়ে জরুরি।<br>এই অপরাধগুলো একটি চক্রের মতো কাজ করে। মাদকাসক্তির খরচ মেটাতে তরুণরা চুরি ও জুয়ায় জড়ায়, আর চোরাচালানের মাধ্যমে এসব অবৈধ পণ্যের জোগান নিশ্চিত হয়।<br>সভায় উপজেলা আইনশৃঙ্খলা কমিটির মুখ্য উপদেষ্টা ও মাননীয় সংসদ সদস্য, ১৬, লালমনিরহাট সভায় জানান যে, মাদক, চুরি, অনলাইন জুয়া, চোরাচালানসহ সামাজিক অপরাধ নিরসনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে হবে। | ২.১। সীমান্ত এলাকায় মাদক প্রবেশ বন্ধ করতে গোয়েন্দা নজরদারী বৃদ্ধি করতে হবে।<br>২.২। সীমান্ত এলাকায় মাদকের বিস্তাররোধে জনসচেতনতামূলক সভা/সেমিনার আয়োজন করতে হবে।<br>২.৩। ক্যাসিনো/অনলাইন জুয়ার বিরুদ্ধে নিয়মিত অভিযান পরিচালনা করতে হবে।<br>২.৪। মাদক সেবন প্রতিরোধে ইউনিয়ন পর্যায়ে উদ্বুদ্ধকরণ সভা/সেমিনার অব্যাহত রাখতে হবে।<br>২.৫। প্রতি জুমার নামাজে মাদকের ভয়াবহতা তুলে ধরতে মসজিদের ইমামদেরকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে হবে। | ১। অফিসার ইনচার্জ, হাতীবান্ধা থানা, লালমনিরহাট।<br>২। সহকারী কমিশনার (ভূমি) হাতীবান্ধা, লালমনিরহাট।<br>৩। চেয়ারম্যান/প্রশাসক ইউনিয়ন পরিষদ (সকল) হাতীবান্ধা, লালমনিরহাট।<br>৪। ক্যাম্প কমান্ডার সকল বিওপি, হাতীবান্ধা, লালমনিরহাট।<br>৫। ফিল্ড সুপারভাইজার ইসলামিক ফাউন্ডেশন, হাতীবান্ধা, লালমনিরহাট। |
| **৩। সড়ক ও মহাসড়কে যানযট নিরসন সংক্রান্ত আলোচনাঃ**<br>দইখাওয়া মোড়, মেডিকেল মোড় এবং বড়খাতা বাজারে যানজটের নিরসনের বিষয়ে ট্রাফিক ব্যবস্থাপনা নিয়ে আলোচনা হয়। রাস্তা দুধারে অবৈধ দোকান-পাট, বিল বোর্ড উচ্ছেদ করে পুর্নবাসন করার বিষয়ে আলোচনা হয়। একই সাথে মেডিকেল মোড়ের চাপ কমানোর জন্য বাইপাস সড়কসমূহ সংস্কারপূর্বক চলাচলের উপযোগী করার ব্যাপারে আলোচনা করা হয়। | ৩.১। সড়ক, মহাসড়কের দুপাশে অবৈধ দোকানদার ও ব্যবসায়ীদের পুনর্বাসনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৩.২। দইখাওয়া মোড়, মেডিকেল মোড়, বড়খাতা মোড়সহ প্রবণ যানজট সড়কগুলোয় অটোরিক্সা, সিএনজি যত্রতত্র দাঁড়িয়ে থেকে যেন যানযট সৃষ্টি করতে না পারে এ লক্ষ্যে ট্রাফিক ব্যবস্থাপনা জোরদার করতে হবে।<br>৩.৩। সড়ক ও মহাসড়কের পার্শ্বে অবস্থিত বিভিন্ন ব্যবসা প্রতিষ্ঠান সড়কের দুধারে পণ্য লোডিং ও আনলোডিং এবং বিক্রয়ের মাধ্যমে যেন প্রতিবন্ধকতা সৃষ্টি না করে-এ বিষয়ে ব্যবসায়ীগণকে উদ্বুদ্ধ করতে হবে। | ১। সহকারী কমিশনার (ভূমি) হাতীবান্ধা, লালমনিরহাট।<br>২। অফিসার ইনচার্জ হাতীবান্ধা থানা/হাতীবান্ধা হাইওয়ে থানা, লালমনিরহাট।<br>৩। উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, হাতীবান্ধা, লালমনিরহাট।<br>৪। চেয়ারম্যান/প্রশাসক ইউনিয়ন পরিষদ (সকল) হাতীবান্ধা, লালমনিরহাট।<br>৫। বন্দর ব্যবসায়ী সমিতি/ (উত্তর/দক্ষিণ), হাতীবান্ধা, লালমনিরহাট।<br>৬। সভাপতি/সাধারণ সম্পাদক অটো শ্রমিক ইউনিয়ন, হাতীবান্ধা, লালমনিরহাট। |
| **৪। বাল্যবিবাহ নিরোধ সংক্রান্ত আলোচনা:**<br>বাল্যবিবাহ নিরোধ বিষয়ে স্থানীয় পর্যায়ে তৎপরতা জোরদার করার বিষয়ে আলোচনা করা হয়। সচেতনতামূলক সভা, সেমিনার আয়োজন, পাত্র-পাত্রীর বয়স যাচাইয়ে অনলাইন জন্ম নিবন্ধন বিবেচনা, অনুমোদিত নিকাহ রেজিস্টার এর মাধ্যমে বিবাহ সম্পূর্ন করা ইত্যাদি বিষয় গুরুত্ব প্রদান করা হয় | ৪.১। বিবাহ নিবন্ধনের সময় কনে ও বরের অনলাইন জন্মনিবন্ধন সনদ (BDRIS) বাধ্যতামূলকভাবে যাচাই করতে হবে।<br>৪.২। এনজিওদের মাধ্যমে গ্রামীণ নারীদের নিয়ে নিয়মিত সচেতনতামূলক সভা/সেমিনার আয়োজন করতে হবে।<br>৪.৩। বাল্যবিবাহের নেতিবাচক প্রভাব সম্পর্কে শিক্ষা প্রতিষ্ঠানসহ ধর্মীয় উপসনালয়গুলোতে আলোচনা করতে হবে।<br>৪.৪। বাল্যবিবাহ বন্ধে কাজীদের নিয়ে উপজেলা পর্যায়ে নিয়মিত সভা আয়োজন করতে হবে।<br>৪.৫। কোথাও বাল্যবিবাহ সংঘটিত হচ্ছে এমন তথ্য পাওয়া গেলে দ্রুত আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৪.৬। জাতীয় জরুরি সেবা ৯৯৯ এবং তথ্য ও সেবা কেন্দ্র ৩৩৩ এর মাধ্যমে বাল্যবিবাহের তথ্য দেওয়ার বিষয়টি ব্যাপকভাবে প্রচার করতে হবে। | ১। সহকারী কমিশনার (ভূমি) হাতীবান্ধা, লালমনিরহাট।<br>২। অফিসার ইনচার্জ হাতীবান্ধা থানা, লালমনিরহাট।<br>৩। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, হাতীবান্ধা, লালমনিরহাট।<br>৪। চেয়ারম্যান/প্রশাসক ইউনিয়ন পরিষদ (সকল) হাতীবান্ধা, লালমনিরহাট।<br>৫। নিকাহ রেজিস্টার (সকল) হাতীবান্ধা, লালমনিরহাট। |

| আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| **৫. গ্রাম আদালত পরিচালনা সংক্রান্ত:**<br>স্থানীয় পর্যায়ে বিরোধ নিষ্পত্তির ক্ষেত্রে গ্রাম আদালতকে অধিকতর জনপ্রিয় করার জন্য আলোচনা করা হয়। গ্রাম আদালতে মামলার দ্রুত নিষ্পত্তির করতে আলোচনা করা হয়। | ৫.১। স্থানীয় পর্যায়ে বিরোধ নিষ্পত্তির ক্ষেত্রে গ্রাম আদালতকে অধিকতর কার্যকর করতে হবে।<br><br>৫.২ গ্রাম আদালতে দায়েরকৃত মামলাসমূহ দ্রুত নিষ্পত্তি করতে হবে। | ১। চেয়ারম্যান/প্রশাসক ইউনিয়ন পরিষদ (সকল) হাতীবান্ধা, লালমনিরহাট। |
| **৬. বিবিধঃ**<br>সভায় উপস্থিত সদস্যবৃন্দ জানান যে, বর্ষার মৌসুমে উপজেলার বিভিন্ন জলাশয়ে অবৈধ কারেন্ট জাল ও চায়না দুয়ারী জাল দিয়ে মাছ শিকার করা হচ্ছে। এতে করে মাছের বংশ বিস্তার বাধাগ্রস্থ হচ্ছে। উপস্থিত সদস্যবৃন্দ অবৈধ কারেন্ট জাল ও চায়না দুয়ারী জালের ব্যবহার বন্ধে নিয়মিত অভিযান পরিচালনার উপর গুরুত্ব আরোপ করেন।<br>উপজেলা প্রাণি সম্পদ অফিসার সভায় উপস্থাপন করেন যে, বর্তমান সময়ে গবাদি পশুর মাঝে খুরা রোগ দেখা দিয়ে থাকে। অবৈধভাবে সীমান্ত পথে আগত ভারতীয় গরুর মাধ্যমে এ রোগের বিস্তার ঘটে থাকে। তাই অবৈধ পথে যেন কোন ভারতীয় গরু বাংলাদেশে প্রবেশ করতে না পারে সে বিষয়ে সভায় উপস্থাপন করেন। | ৬.১। অবৈধ কারেন্ট জাল ও চায়না দুয়ারী জালের ব্যবহার বন্ধে অভিযান পরিচালনা করতে হবে।<br>৬.২। ভারতীয় গরুর প্রবেশ বন্ধে সীমান্ত এলাকায় টহল জোরদার করতে হবে। | ১। সহকারী কমিশনার (ভূমি) হাতীবান্ধা, লালমনিরহাট।<br>২। অফিসার ইনচার্জ হাতীবান্ধা থানা, লালমনিরহাট।<br>৩। উপজেলা মৎস্য অফিসার হাতীবান্ধা, লালমনিরহাট।<br>৪। ক্যাম্প কমান্ডার সকল বিওপি, হাতীবান্ধা, লালমনিরহাট। |

মুখ্য উপদেষ্টা ও সভাপতি, উপজেলা নির্বাহী অফিসার সভায়, মাদক প্রতিরোধে স্ব স্ব অবস্থান থেকে সবাইকে ভূমিকা রাখতে অনুরোধ জানান। সভায় মাদক ও জুয়া প্রতিরোধে সংশ্লিষ্ট সকলকে সজাগ থাকার অনুরোধ জানানো হয়। আইন-শৃঙ্খলা পরিপন্থি কোন কার্যক্রম কারো নজরে আসলে সেবিষয়ে তাৎক্ষণিক অফিসার ইনচার্জ, হাতীবান্ধা থানা এবং উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির সদস্যগণকে অবহিত করার জন্য সভায় পরামর্শ প্রদান করা হয়। আইন শৃঙ্খলা পরিস্থিতি সমুন্নত রাখার জন্য সকলকে ঐক্যবদ্ধভাবে স্ব-স্ব অবস্থান থেকে কাজ করার জন্য অনুরোধ জানানো হয়।

অতঃপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সদস্যবৃন্দকে গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নে আন্তরিক হওয়ার অনুরোধ এবং ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

৩০/০৭/২৪

(দীপ জন মিত্র)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি
হাতীবান্ধা, লালমনিরহাট

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
হাতীবান্ধা, লালমনিরহাট।
www.hatibandha.lalmonirhat.gov.bd

স্মারক নং-০৫.৪৭.৫২৩৩.০০২.৭৯.০০৬.১৯- ২৬৫২(৫০)

১৫ শ্রাবণ ১৪৩৩
তারিখঃ ৩০ জুলাই ২০২৬

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

০১। জনাব মোঃ হাসান রাজীব প্রধান, মাননীয় সংসদ সদস্য, ১৬ লালমনিরহাট-১ এবং মুখ্য উপদেষ্টা, উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি হাতীবান্ধা, লালমনিরহাট।
০২। বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, লালমনিরহাট।
০৩। পুলিশ সুপার, লালমনিরহাট।
০৪। সহকারী কমিশনার (ভূমি), হাতীবান্ধা , লালমনিরহাট।
০৫। অফিসার ইনচার্জ, হাতীবান্ধা থানা/হাইওয়ে থানা, লালমনিরহাট।
০৬। উপজেলা------------------------------------------------ অফিসার, হাতীবান্ধা, লালমনিরহাট।
০৭। চেয়ারম্যান/প্রশাসক, ---------------------------------- ইউনিয়ন পরিষদ, হাতীবান্ধা, লালমনিরহাট।

৩০/০৭/২৬

(দীপ জন মিত্র)
উপজেলা নির্বাহী অফিসার
হাতীবান্ধা, লালমনিরহাট।
Email:unohatibandha@mopa.gov.bd